রাজশাহী জেলার সেপ্টেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : আব্দুল জলিল
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী

সভার স্থান : সভা কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

সভার তারিখ : ১৩ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

সভার সময় : সকাল ১১:৩০ মি.

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হলো)

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির নির্দেশক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী বিগত ০৮ মার্চ ২০২০ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ আজকের সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	উপজেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা	১. সভাপতি প্রত্যেক উপজেলা নির্বাহী অফিসারকে মাসের শুরুতেই চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভা অনুষ্ঠানের পরামর্শ দেন এবং সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ জানানো হয়। উপজেলা গুলো হতে প্রাপ্ত তথ্য মতে আলোচ্য মাসে সকল উপজেলাতে চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী এ অফিসে পাওয়া গেছে।	১.১.১. উপজেলা পর্যায়ে চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভা নিয়মিতভাবে করার এবং সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে পৌছানোর জন্য অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
		জেলা চোরাচালান প্রতিরোধ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা		
০২.	চোরাচালান প্রতিরোধ কার্যক্রমের অগ্রগতির আলোচনা	২.১. অতঃপর সভাপতির অনুরোধক্রমে বিভিন্ন দপ্তর কর্তৃক পরিচালিত চোরাচালান বিরোধী অভিযানের তথ্য উপস্থাপন করা হয়। বিবেচ্য আগস্ট ২০২০ মাসে বর্ডারগার্ড ব্যাটালিয়ন-১, রাজশাহী এর নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদন (পরিশিষ্ট-'গ') পর্যালোচনা করে দেখা যায় যে ১ ব্যাটালিয়ন, বিজিবি, রাজশাহী কর্তৃক ২০২০ সালের আগস্ট মাসে ১৬৩৩ টি চোরাচালান বিরোধী অভিযান পরিচালিত হয়েছে। অভিযান পরিচালনাকালে মোট ৪৫টি মামলা দায়ের হয়েছে। ২.২ জেলা পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য মতে বিবেচ্য আগস্ট ২০২০ মাসের প্রতিবেদন (পরিশিষ্ট-'গ') পর্যালোচনা করে দেখা যায় যে, জেলা পুলিশ, রাজশাহী কর্তৃক চোরাচালান প্রতিরোধে ০৩টি অভিযান পরিচালিত হয়েছে। অভিযান পরিচালনাকালে মোট ০৩টি মামলা দায়ের হয়েছে। ২.৩. রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য মতে বিবেচ্য আগস্ট ২০২০ মাসের প্রতিবেদন (পরিশিষ্ট-'গ') পর্যালোচনা করে দেখা যায় যে, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী কর্তৃক চোরাচালান প্রতিরোধে ৩১টি অভিযান পরিচালিত হয়েছে। এতে ১০টি মামলা দায়ের হয়েছে।	২.১.১ চোরাচালান প্রতিরোধে সকল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং গোয়েন্দা সংস্থাকে আরো তৎপর থাকার অনুরোধ করা হয়।	অধিনায়ক ১ ব্যাটালিয়ন, বিজিবি রাজশাহী ২.উপ-পুলিশ কমিশনার (সদর), আর.এম.পি রাজশাহী ৩. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী ৪. যুগ্ম-পরিচালক এনএসআই, রাজশাহী ৫. উপ-পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী ৬. সংশ্লিষ্ট সংস্থা (সকল)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০৩.	ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির কার্যক্রম পর্যালোচনা	৩.১ ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা নিয়মিত আয়োজন করা খুবই গুরুত্বপূর্ণ। কেননা ইউনিয়ন পর্যায় থেকে কার্যকরভাবে চোরাচালান বন্ধের পদক্ষেপ গ্রহণ করা হলে চোরাচালান প্রতিরোধ ফলপ্রসূ হবে। প্রতিটি ইউনিয়নে যাতে নিয়মিত চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয় সে বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য এবং সেই সাথে উপজেলা চোরাচালান কমিটির সভার কার্যবিবরণীতে ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত সভার তথ্য উপস্থাপনের জন্য সভায় আলোচনা হয়।	৩.১.১ ইউনিয়ন পর্যায়ে নিয়মিত চোরাচালান প্রতিরোধ কমিটির সভা আয়োজন করতে হবে। ৩.১.২ ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে কিনা সে সংক্রান্ত তথ্য উপজেলা কমিটির কার্য-বিবরণীতে উল্লেখ করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট) ২. সংশ্লিষ্ট সংস্থা (সকল)
০৪.	বিবিধ আলোচনা	৪.১. সভাপতির বক্তব্যে টাস্কফোর্সের অভিযানের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। বিভিন্ন দপ্তরের সমন্বয়ে টাস্কফোর্সের অভিযান অব্যাহত রাখার অনুরোধ করা হয়। চোরাচালান প্রতিরোধে কাস্টম্স এক্সাইজ ও ভ্যাট বিভাগকে অধিক তৎপর থেকে চোরাচালান প্রতিরোধে এগিয়ে আসা এবং জনসচেতনতামূলক প্রচার প্রচারণা চালানো প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্তের আলোচনা হয়। ৪.২. বিবেচ্য মাসের তথ্য (পরিশিষ্ট-গ) পর্যালোচনায় দেখা যায় র‍্যাব-৫, রাজশাহী কর্তৃক জুলাই ২০২০ মাসে ০১টি চোরাচালান বিরোধী অভিযান পরিচালিত হয়েছে এবং আগস্ট ২০২০ মাসে র‍্যাব-৫, রাজশাহী ০৫টি চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেছেন। র‍্যাব-৫, রাজশাহীর প্রতিনিধিকে চোরাচালান বিরোধী অভিযান পরিচালনার বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া প্রতিমাসের ০২ তারিখের মধ্যে এ সংক্রান্ত একটি পৃথক প্রতিবেদন অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	৪.১.১. চোরাচালান প্রতিরোধে টাস্ক-ফোর্সের অভিযান অব্যাহত রাখতে হবে এবং জনসচেতনতামূলক প্রচার প্রচারণা চালাতে অনুরোধ করা হয়। ৪.১.২. চোরাচালান সংক্রান্ত তথ্যের একটি পৃথক প্রতিবেদন প্রতিমাসের ০২ তারিখের মধ্যে অত্রাফিসে প্রেরণের জন্য অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহীকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট সকল সংস্থা অধিনায়ক ১ ব্যাটালিয়ন, বিজিবি রাজশাহী

কার্যকরভাবে চোরাচালান প্রতিরোধ কার্যক্রমে সকল কর্তৃপক্ষের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল জলিল
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী
ফোন নং-০৭২১-৭৭২০৫০ (অফিস)
e-mail: dcrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৭.০৪.০০৪.১৮. ৩৫২ (২০)

তারিখ: ২৯ ভাদ্র আশ্বিন ১৪২৭
১৩ সেপ্টেম্বর ২০২০

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. উপপুলিশ মহাপরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৫. পুলিশ কমিশনার, আর.এম.পি, রাজশাহী
৬. অধিনায়ক, ১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজশাহী
৭. পুলিশ সুপার, রাজশাহী
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
৯. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
১০. সহকারী কমিশনার, কাষ্টমস্, এক্সাইজ ও ভ্যাট, রাজশাহী
১১.---
১২. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজাশাহী
(তাকে কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ করা হল)

জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী

(পরিশিষ্ট-ক)

১৩ সেপ্টেম্বর ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা চোরাচালান প্রতিরোধ সমন্বয় কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:
(পরিশিষ্ট-ক)

ক্রম	কর্মরত কার্যালয়ের নাম ও ঠিকানা	কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর	প্রযোজ্য ক্ষেত্রে প্রতিনিধির নাম, পদবি ও মোবাইল নম্বর	স্বাক্ষর ও তারিখ
১.	অধিনায়ক র‍্যাব-৫, রাজশাহী	বিদ্যুৎ কুমার সরকার	পুলিশ পরিদর্শক র‍্যাব-৫, রাজশাহী মোবা: ০১৭১৫০০৪৮৬৩	স্বাক্ষরিত
২.	অধিনায়ক, ১ বর্ডারগার্ড ব্যাটালিয়ন, রাজশাহী	আব্দুর রাজ্জাক কোম্পানী কমান্ডার ০১৭৪৫৩৯২৪৩৫	-	স্বাক্ষরিত
৩.	পুলিশ সুপার, রাজশাহী	জনাব মো: শহিদুল্লাহ্	-	স্বাক্ষরিত
৪.	যুগ্ম পরিচালক, এন.এস.আই, রাজশাহী	শেখ মোহাম্মদ জিয়াউল কাদির ০১৮১৯৭৫০১০৬	-	স্বাক্ষরিত
৫	উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহী	মো: শাহিন রেজা ০১৭০৫-৪৩০৫২১	-	স্বাক্ষরিত
৬.	উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী	মো: শিমুল আখতার ০১৭৩৩৩৫২০০১	-	স্বাক্ষরিত
৭.	উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী	সুশান্ত কুমার মাহাতো ০১৭৭৮৮৮৯৯৯০	-	স্বাক্ষরিত
৮.	উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী	সৈয়দা সামিরা ০১৬৭২০৬৪১০৪		স্বাক্ষরিত
৯.	উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী	মো: ওলিউজ্জামান	-	স্বাক্ষরিত
১০.	উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী রাজশাহী	মো: আলমগীর হোসেন ০১৭৬১৪৯১২২১		স্বাক্ষরিত
১১.	উপজেলা নির্বাহী অফিসার, দূর্গাপুর, রাজশাহী	-	-	স্বাক্ষরিত
১২	উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী	জনাব শরিফ আহমেদ	-	স্বাক্ষরিত
১৩	উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী	-	-	স্বাক্ষরিত
১৪	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী	মো: জাহিদ হোসেন ০১৭৩০-০৩৮০৮৬	-	স্বাক্ষরিত
১৫.	সহকারী কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, রাজশাহী	-	মো: শাহীন হোসেন রাজস্ব কর্মকর্তা ০১৭৬৮-৭০৫৫১২	স্বাক্ষরিত
১৬.	উপ পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী	মোহাম্মদ লুৎফর রহমান ০১৪০৪০৭২৪০৩	-	স্বাক্ষরিত
১৭.	পাবলিক প্রসিকিউটর রাজশাহী	-	-	স্বাক্ষরিত

(পরিশিষ্ট-খ)

১৩ সেপ্টেম্বর ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা চোরাচালান প্রতিরোধ টাস্কফোর্স কমিটির সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

ক্রম	সদস্য	উপস্থিত	অনুপস্থিত	মন্তব্য
১.	বিজ্ঞ বিশেষ পি.পি, চোরাচালান নিরোধ বিশেষ ট্রাইব্যুনাল, রাজশাহী	-	অনুপস্থিত	-